আজকের কাগজ

তারিখ ... 19 JAN 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪

124

# আজ থেকে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আন্দোলন

কাগজ প্রতিবেদকঃ ৫ দফা দাবিতে দেশের ১৮ হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৭২ হাজার শিক্ষক আবার আন্দোলনে যাচ্ছে। আজ থেকে ২৪ জানুয়ারি পর্যন্ত তারা বিদ্যালয় খোলা রেখে কর্মবিরতি এবং ২৮ জানুয়ারি জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট পালন করবে। সেখান থেকে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করবে। গতকাল জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব আলহাজ্ব আক্কাছ আলী শেখ।